



চট্টগ্রামে সিইপিজেডে ভয়াবহ আগুন, ফায়ার সার্ভিস ও সশস্ত্র বাহিনী কাজ করছে



সংগৃহীত ছবি

চট্টগ্রামের রফতানি প্রক্রিয়াকরণ অঞ্চলে একটি কারখানায় আগুন লাগেছে। ফায়ার সার্ভিসের ১৭টি ইউনিট ও সশস্ত্র বাহিনী যৌথভাবে আগুন নিয়ন্ত্রণে কাজ করছে। বৃহস্পতিবার (১৬ অক্টোবর) দুপুর ২টার দিকে চট্টগ্রাম ইপিজেডের ৫ নম্বর কারখানায় ‘অ্যাডামস ক্যাপ’ নামের স্থানে আগুনের সূত্রপাত হয়। কী কারণে অগ্নিকাণ্ড ঘটেছে তা এখনও জানা যায়নি।

ফায়ার সার্ভিসের ১৭টি ইউনিট আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করছে, পাশাপাশি সশস্ত্র বাহিনীও সহায়তা করছে। আগুন ‘জিন হং মেডিকেল’ কারখানায়ও ছড়িয়ে পড়ে, ফলে দুটি কারখানায় ক্ষতি হয়েছে।

প্রাথমিকভাবে ২৫-৩০ জনকে উদ্ধার করা হয়েছে। বহুতল ভবনটির সব ফ্লোর ধোঁয়ায় ঢেকে গেছে। উক্ত কারখানাগুলো চিকিৎসা ও অস্ত্রোপচারের জন্য তুলা ও সার্জিক্যাল গাউন উৎপাদন করত।

LENS ASIA